

ঢাকা ওয়াসা

বিষয়: রাজস্ব জোন-১ এর কম্পিউটার শাখায় ব্যবহৃত ফটোকপি মেশিন (মডেল নং- SHARP-BP30M2B) এর যন্ত্রাংশ ক্রয়, টোনার ক্রয় এবং সার্ভিসিং বাবদ ২৪,৫৫০.০০ (চব্বিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে অনুমোদন করণ প্রসঙ্গে।

০১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজস্ব জোন-১ এর কম্পিউটার শাখায় অফিসিয়াল কাজে ব্যবহারের জন্য সংগ্রহ বিভাগ হতে নিম্নোক্ত ফটোকপি মেশিন সরবরাহ করা হয়। যা নিম্নরূপ:

ক্রঃনং/মেশিনের নং নাম	মডেল নং	মন্তব্য
১ Photocopy Machine	SHARP-BP30M2B	যন্ত্রাংশ একেজো হয়ে যাওয়ায় প্রিন্টিংয়ে অসংখ্য দাগ/ঝাপসা হয়ে অতিরিক্ত কালি আসে; যার ফলে কোন লেখা বুঝা যায় না। অতিরিক্ত কালি আসায় বকেয়া নোটিশ, কম্পলিউট বিল প্রিন্ট এবং অফিসের জরুরী নথিপত্র ফটোকপি করা যাচ্ছে না। টোনার শেষ হয়ে গিয়েছে।

০২। উল্লেখ্য যে, রাজস্ব জোন-১ এর কম্পিউটার শাখায় কর্মরত ০৩ জন কম্পিউটার অপারেটর এর ব্যবহৃত ০৩টি কম্পিউটার হতে বর্ণিত ফটোকপি মেশিন দ্বারা প্রায় ৪৬ হাজার গ্রাহকের বকেয়া নোটিশ, সার্টিফিকেট, কম্পলিউট বিল, ডুপ্লিকেট বিলসহ সর্বপরী অত্র অফিসের যাবতীয় ফটোকপি এবং প্রিন্টিংয়ের কাজ করা হয়ে থাকে। সম্প্রতি উক্ত ফটোকপি মেশিনটির কিছু যন্ত্রাংশ একেজো হয়ে যাওয়ায় ফটোকপি মেশিনটি দ্বারা কাজ করা যাচ্ছে না। ফলে জরুরী কাজ ব্যাহত হচ্ছে। অফিসের কাজের গতিশীলতা বৃদ্ধি এবং গ্রাহকের সর্বোচ্চ সেবা প্রদানের লক্ষ্যে অত্র অফিসে ব্যবহৃত Photocopy Machine, (SHARP-BP30M2B) এর একেজো যন্ত্রাংশ ক্রয়, টোনার ক্রয় এবং সার্ভিসিং কাজ করার লক্ষ্যে স্থানীয় মেরামত কারী প্রতিষ্ঠানের নিকট হতে কোটেশন সংগ্রহ করে ০১টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে t-২৪৭৫০.০০ (চব্বিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র। উল্লেখ্য যে, আলোচ্য কাজের ব্যয়ভার রাজস্ব জোন-১ এর ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত এবং ২০২৪-২৫ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট ক্রমিক নং-৫ (Head code-01-01-016) Printing and Stationery (মুদ্রণ ও মনোহারী) খাত হতে ব্যয় নির্বাহ করা হবে। কাজটি করা অত্যন্ত জরুরী প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, রাজস্ব জোন-১ এ ব্যবহৃত ফটোকপি মেশিন (SHARP-BP30M2B) এর যন্ত্রাংশ ক্রয়, টোনার ক্রয় এবং সার্ভিসিং বাবদ ২৪,৫৫০.০০ (চব্বিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকার প্রাক্কলনটি পিপিআর-২০০৮ এর বিধি-৮১(১) মোতাবেক সরাসরি ক্রয় প্রক্রিয়ায় (অস্থায়ী অগ্রিম হিসাবে), উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা মহোদয়ের মাধ্যমে উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-১ অনুকূলে অনুমোদন দেয়া যেতে পারে। যাহা কাজ শেষে প্রকৃত ভাউচারের মাধ্যমে উক্ত ব্যয় সমন্বয় করা হবে।

০৫/০২/২৫

AR-3

DeRb

০৫-০২-২৫

০৫/০২/২৫

সহিদার রহমান রজু
সহকারী রাজস্ব কর্মকর্তা (অঃ দাঃ)
রাজস্ব জোন-১
ঢাকা ওয়াসা

মোহাম্মদ এনামুল হক
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-০১
ঢাকা ওয়াসা

০৫/০২/২৫

০৫/০২/২৫

Approved
Person
০৫/০২/২৫

০৫/০২/২৫

মোঃ মাহবুবুর রহমান
(উপসচিব)
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা